ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পরিচালক, সিষ্টেম অপারেশন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এবং

প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও পরিচালন)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন-২ : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন-৩ : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of BREB)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

• সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬):

স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চালে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে আমূল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণের অঙ্গীকার করা হয়েছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে জনসাধারণের কাছে বিদ্যুতের সুফল পৌঁছে দেয়া একটি অন্যতম অঙ্গিকার। এ প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এ প্রচেষ্টার ফলে ২০০৯ সালের গ্রাহক সংখ্যা ৭৩,৮৪,৩৪৭ থেকে বৃদ্ধি পেয়ে জুন'১৬ তে তা ১,৫৫,৮৬,১০৬ হয়েছে। তন্মধ্যে বিগত ৩ বছরে বৃদ্ধি পেয়েছে ৬১,৯৫,৮৭৯ জন। উক্ত সময়ে নতুন লাইন নির্মিত হয়েছে ৬৮,৪৯৫ কিলোমিটার, উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে ২,৩৬৫ এমভিএ এবং সিস্টেম লস ১৩.৮৭% থেকে হ্রাস পেয়ে ১২.৫০% হয়েছে। এতে গ্রামের মানুষের আর্থসামাজিক উন্নয়নসহ জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে।

**• সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

২০১৬-১৭ অর্থবছরের এপ্রিল'১৭ পর্যন্ত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের গ্রাহক সংখ্যা দাঁড়িয়েছে ১ কোটি ৮৪ লক্ষ এবং ক্রমান্বয়ে তা বৃদ্ধি পাচ্ছে। বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের সাথে সাথে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ও সঞ্চালন ব্যবস্থার উন্নতি না হলে গ্রাহককে টেকসই ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে না। সেপ্টেম্বর'১৫ এর পরে ট্যারিফ বৃদ্ধি না পাওয়ায় ক্রমাগত লোকসানের কারণে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের টিকে থাকা অসম্ভব হয়ে পড়েছে। ২০২১ সালের মধ্যে শতভাগ গ্রামীণ জনগোষ্ঠির(Off-Grid area ব্যতীত) জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করা-ই মূল চ্যালেঞ্জ ।

**• ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০২১ সালের মধ্যে পল্লী বিদ্যুতের আওতাভুক্ত প্রতিটি গ্রাহকের কাছে বিদ্যুৎ সুবিধা পৌঁছানো। গ্রাহককে সহজতর, টেকসই, মানসম্মত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা। গ্রাহকবান্ধব, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক বিতরণ ব্যবস্থা নিশ্চিত করা।

**• ২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ:**

- ৩০,০০০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- ৮০০ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতা বর্ধন করা;
- ৪০,০০০ প্রি-পেমেন্ট মিটার স্থাপন;
- ৩২ লক্ষ নতুন আবাসিক সংযোগ প্রদান;
- দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে জনপ্রতি বার্ষিক ৭০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান; এবং
- ই-সেবা চালুকরণ।

# উপক্রমণিকা (Preamble)

পরিচালক, সিষ্টেম অপারেশন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এবং

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও পরিচালন) এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের------১৫---------তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

### বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ" এই প্রতিশ্রুতির আলোকে ২০২১ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়নের (Off-Grid area ব্যতীত) মাধ্যমে জনগনের জন্য যৌক্তিক ও সহনীয় মূল্যে নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

**১.২ অভিলক্ষ্য (Mission):**

বিদ্যুৎ বিতরণ খাতের সমন্বিত উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে পল্লী এলাকার সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

১) গ্রামীণ এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন।

২) গ্রামীণ এলাকার জনগনের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

৩) সকল ধরণের প্রযুক্তি ও পরিসেবার জন্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

**১.৪ কার্যাবলি (Functions):**

১) বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে দেশের পল্লী জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।

২) আগামী অর্থবছর হতে ২০২১ সাল পর্যন্ত প্রতিবছর ৩০,০০০ কিলোমিটার লাইন নির্মাণ এবং ৮০০-১০০০ এমভিএ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করা।

৩) পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।

৪) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের কার্যক্রম তদারকি।

৫) গ্রাহক বান্ধব বিতরণ ব্যবস্থা বাস্তবায়ন।

৬) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের কার্যক্রমে জবাবদিহিতা, স্বচ্ছতা, সততা ও সহনশীলতা প্রতিষ্ঠা করা।

৭) বিদ্যুৎ পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় যুক্তিসঙ্গত পর্যায়ে রাখা।

৮) নতুন নতুন সাব-স্টেশন নির্মাণ, লাইন নির্মাণ এবং উন্নয়নমূলক কাজ সম্পাদনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।

৯) বিদ্যমান লাইনের রাইট-অব-ওয়ে ক্লিয়ারেন্স নিশ্চিত করা।

১০) স্পট মিটারিং এর মাধ্যমে গ্রাহক সংযোগ দ্রুত ও সহজতর করা।

১১) সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং গ্রাহক হয়রানী বন্ধে সেবা সহজিকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।

১২) দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ, মাইকিং এবং ক্যাবল অপারেটরের মাধ্যমে প্রচারের ব্যবস্থাকরণ।

১৩) অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণসহ বকেয়া আদায়ে সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ।

১৪) ই-সেবা চালুকরণ (আবেদন গ্রহণ, বিল পরিশোধ ও অভিযোগ গ্রহণ ইত্যাদি)।

## সেকশন-২

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদনের সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তর/পরিদপ্তর/বিভাগ/সেল/ সমিতিসমূহের নাম | উপাত্তসূত্র (Sources of data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ (এপ্রিল'১৭ পর্যন্ত) | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১) নতুন নতুন গ্রাহক সংযোগ প্রদানের মাধ্যমে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ | নতুন আবাসিক সংযোগ | সংখ্যা | ৩৪,৩০,০৮১ | ২৬,৪১,১০৩ | ৩২,০০,০০০ | ৩০,০০,০০০ | ২০,০০,০০০ | প্রধান প্রকৌশলী (প্রকল্প)/প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/ সকল পল্লী বিদ্যুৎ সমিতি। | প্রধান প্রকৌশলী (প্রকল্প)/প্রশিক্ষণ পরিদপ্তর/সিস্টেম অপারেশন (কেঃ অঃ) এর দপ্তর/পরিদপ্তর হতে প্রদত্ত প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| ২) লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ | বিতরণ লাইন নির্মাণ | কিঃমিঃ | ৩১,৬১২ | ২৯,০৭২ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | প্রধান প্রকৌশলী (প্রকল্প)/প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/ সকল পল্লী বিদ্যুৎ সমিতি। | |
| ৩) উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতা বর্ধণের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ | উপকেন্দ্রের ক্ষমতা বর্ধিতকরণ | এমভিএ | ৭১৫ | ৭৫০ | ৮০০ | ১০০০ | ১০০০ | প্রধান প্রকৌশলী (প্রকল্প)/প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/উপকেন্দ্র নির্মাণ বিভাগ/ সকল পল্লী বিদ্যুৎ সমিতি। | |
| ৪)বিতরণ ব্যবস্থার উন্নয়ন | সিস্টেম লস | % | ১২.৫০ | ১০.৪৬ | ১১.১০ | ১০.৭৫ | ১০.৫০ | প্রধান প্রকৌশলী (প্রকল্প)/প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী | |
| ৫) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | SAIDI | মিনিট | ১৯৯০ | ১৪২২ | ১৫০০ | ১৪৫০ | ১৪০০ | সকল পবিস/সিস্টেম অপারেশন | |
| ৬) মানব সম্পদ উন্নয়ন | গড় প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ ঘন্টা | ৭১.৯২ | ৬৭.৪৬ | ৭০.০০ | ৭০.০০ | ৭০.০০ | প্রশিক্ষণ পরিদপ্তর/সকল পবিস | |
| ৭) টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন | সোলার চার্জিং ষ্টেশন নির্মাণ ও পরিচালন | টি | - | - | ৪ | ৪ | ৪ | নবায়নযোগ্য জ্বালানি সেল। | |

সংযোজনী-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* এপ্রিল'১৭ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | Distribution System Loss | % | ৭ | ১২.৫০ | ১০.৪৬ | ১১.০০ | | | | | | |
| | | | System Average Interruption Duration Index (SAIDI) | Minutes | ২ | ১৯৯০ | ১৪২২ | ১৫০০ | | | | | | |
| | | | System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ১৮৭ | ১২৭ | ৮০ | | | | | | |
| | | | Installation of Pre-Payment Meter | No | ৩ | ৫০১৬ | ২২৫০ | ৪০০০০ | | | | | | |
| | | | Power Factor at each billing point | % | ৩ | ৯৪ | ৯৬ | ৯০ | | | | | | |
| | | | Percentage of overloaded Transformer | % | ২ | ২.৯১ | ১.৭৩ | ২.১০ | | | | | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট নম্বর - ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিস্পত্তি | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭--১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | | | | | | | | |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি, পরিচালক, সিস্টেম অপারেশন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও পরিচালন), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব ;

আমি, প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও পরিচালন), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড পরিচালক, সিস্টেম অপারেশন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব ।

স্বাক্ষরিত:

...................(করিম খায়রুল হুদা চৌধুরী) ২৮/০৬/১৭
পরিচালক, সিস্টেম অপারেশন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

তারিখ ২৮/০৬/১৭

...................15/6/17
প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও পরিচালন)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

15/6/17
তারিখ